

জনাব ইকরামুল হক

মেয়র

ময়মনসিংহ সিটি কর্পোরেশন

ময়মনসিংহ সিটি কর্পোরেশনের মেয়র জনাব ইকরামুল হক শিল্প সাহিত্য ও সংস্কৃতিতে ঐতিহ্যমন্ডিত ময়মনসিংহ জেলার সম্ভ্রান্ত মুসলিম পরিবারে ১৯৭৬ সালের ০১ আগস্ট জন্মগ্রহণ করেন। পিতা মৃত আলহাজ্জ ফজলে হক, মাতা মৃত মানোয়ারা খাতুন এর পাঁচ সন্তানের মধ্যে তিনি সর্বকনিষ্ঠ।

জনাব ইকরামুল হক ময়মনসিংহ সিটি কর্পোরেশনের প্রথম নির্বাচিত মেয়র। এছাড়া ২০১৮ সালে তিনি ময়মনসিংহ সিটি কর্পোরেশনের প্রথম প্রশাসক এবং ২০০৯-২০১৮ সাল পর্যন্ত বিলুপ্ত পৌরসভার মেয়র হিসেবে দায়িত্ব পালন করেন।

ময়মনসিংহ অঞ্চলের ঐতিহ্যবাহী শিক্ষা প্রতিষ্ঠান আনন্দ মোহন কলেজ থেকে তিনি ১৯৯৫ সালে স্নাতক ডিগ্রি লাভ করেন। কলেজ থেকেই তার রাজনৈতিক জীবন শুরু। মুক্তিযুদ্ধ ও বঙ্গবন্ধুর চেতনায় উদ্দীপ্ত ইকরামুল হক বর্তমানে ময়মনসিংহ মহানগর আওয়ামীলীগের সহ-সভাপতি হিসেবে দায়িত্ব পালন করছেন। জনাব ইকরামুল হক বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহের সিন্ডিকেট সদস্য, মেট্রোপলিটন চেম্বার অব কমার্সের সভাপতিসহ বিভিন্ন সামাজিক, রাজনৈতিক ও শিক্ষা প্রতিষ্ঠানে গুরুত্বপূর্ণ দায়িত্ব পালন করছেন।

পেশাগত জীবনে জনাব ইকরামুল হক অত্যন্ত সুনাম ও দক্ষতার সাথে পর্যটন, পরিবহন, আবাসন, জুটমিল, ফুয়েল পাম্প, কনস্ট্রাকশন ইত্যাদি খাতে ব্যবসা পরিচালনা করে আসছেন। তিনি বাংলাদেশ হোটেল এন্ড রিসোর্ট লিমিটেড, সী পার্ল বীচ রিসোর্ট এন্ড স্পা লিমিটেড, বেঙ্গল ভোকেশনাল ক্লাব, শামীম এন্টারপ্রাইজ-এর পরিচালক এবং মেসার্স ইকরামুল হক এর স্বত্বাধিকারী।

পেশাগত ও রাজনৈতিক কর্মকাণ্ডের বাইরেও বিভিন্ন সামাজিক, স্বেচ্ছাসেবী ও সাংস্কৃতিক কর্মকাণ্ডে সম্পৃক্ত থেকে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছেন জনাব ইকরামুল হক। তিনি ময়মনসিংহের ঐতিহ্যবাহী পন্ডিতপাড়া ক্লাবের সভাপতি, প্রিমিয়ার আইডিয়াল স্কুলের পরিচালনা পর্যদের সভাপতি সহ অসংখ্য সামাজিক, স্বেচ্ছাসেবী ও সাংস্কৃতিক সংগঠনের সভাপতি বা উপদেষ্টা হিসেবে দায়িত্ব পালন করছেন।

জনাব ইকরামুল হক এর সহধর্মিনী নাছিমা আক্তার মিলা ময়মনসিংহ ইউমেন্স চেম্বার অব কমার্সের পরিচালক হিসেবে দায়িত্ব পালন করছেন। তার বড় ভাই জনাব মোঃ ইমদাদুল হক পেশায় একজন চিকিৎসক, মেজো ভাই জনাব আমিনুল হক শামীম (সিআইপি) ময়মনসিংহ জেলা আওয়ামীলীগের সহ-সভাপতি, এফবিসিসিআই এর-সহ-সভাপতি এবং ময়মনসিংহ চেম্বার অব কমার্সের সভাপতি হিসেবে দায়িত্ব পালন করছেন। দুই বোনের মধ্যে ফরহাদ সুলতানা গৃহিনী এবং অন্যজন আনোয়ারা খাতুন অল্প বয়সে অসুস্থতা জনিত কারণে ইন্তেকাল করেন।

একটি আধুনিক, বসবাসযোগ্য, সবুজ নগরী বিনির্মাণের নিরীখে সড়ক, ডেন, সড়ক বাতি, বর্জ্য ব্যবস্থাপনাসহ অন্যান্য অবকাঠামো নির্মাণ, নাগরিক সেবা বৃদ্ধি এবং বঙ্গবন্ধুর চেতনায় সমৃদ্ধ প্রজন্ম বিনির্মাণে কাজ করে যাচ্ছেন ময়মনসিংহ সিটি কর্পোরেশনের মেয়র জনাব ইকরামুল হক।